কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
www.birtan.gov.bd

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এর গত ০৮ মে ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত বারটান-এর ভবিষ্যৎ কর্ম-পরিকল্পনা প্রণয়ন সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মোঃ খোরশেদ আলম এনডিসি<br>নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ০৮ মে ২০২৪ খ্রিষ্টাব্দ। |
| সভার সময় | সকাল ১০:৩০ ঘটিকা। |
| স্থান | প্রশাসনিক ভবন, বারটান প্রধান কার্যালয়। |
| সংযুক্তি | সভায় উপস্থিত প্রধান কার্যালয়ের কর্মকর্তাদের হাজিরা পত্র ‘ক’<br>সভায় আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাগণ অনলাইনে সংযুক্ত ছিলেন। |

সভাপতি উপস্থিত ও অনলাইনে যুক্ত সকল কর্মকর্তাকে সভায় স্বাগত জানান। বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এর ভবিষ্যৎ কর্ম-পরিকল্পনা প্রণয়ন সভায় নির্বাহী পরিচালক বারটানের সকল কর্মকর্তাদের প্রতি দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন। তিনি সকল কর্মকর্তাকে কর্মের মাধ্যমে বারটানের ইতিবাচক ভাবমূর্তি তৈরির নির্দেশনা প্রদান করেন। সময়ানুবর্তিতা, অধ্যবসায় প্রভৃতি সদগুণের উপর গুরুত্বারোপ করে তিনি বারটানের গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম জোরদার এবং আরও কার্যকর করার আহ্বান জানান। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সহকারী পরিচালক বিস্তারিত উপস্থাপন করেন। উপস্থিত সকল কর্মকর্তা তাদের মতামত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনা শেষে যে সকল সিদ্ধান্ত গৃহীত হয় সেগুলো নিম্নে উপস্থাপন করা হলো:-

| ক্রমিক নং | বিষয় ভিত্তিক আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১. | **গবেষণাঃ**<br>১. শুরুতেই সভাপতি বারটান এর ভবিষ্যৎ গবেষণা কি হতে পারে তা নিয়ে উপস্থিত গবেষকদের দৃষ্টি আকর্ষণ করেন। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোঃ আঃ মজিদ BRRI, BARI সহ কৃষি মন্ত্রণালয়ের অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করে গবেষণা কার্যক্রম হাতে নেওয়ার প্রতি গুরুত্বারূপ করেন। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব মোহাম্মদ ওমর ফারুক প্রত্যেক বিজ্ঞানী যাতে আলাদাভাবে গবেষণা করতে পারেন তার ব্যবস্থা নিতে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। অধিকন্তু বারটান এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব তাসনীমা মাহজাবীন বলেন বিভিন্ন মন্ত্রণালয় এবং সংস্থা গবেষণা কার্যক্রমের জন্য অনুদান প্রদান করে থাকেন। শেখ হাসিনা যুব উন্নয়ন কেন্দ্র এক কোটি টাকা গবেষণা অনুদান বারটানকে প্রদান করার ইচ্ছা পোষণ করেছে বলে তিনি উল্লেখ করেন। | ১.১. কৃষি মন্ত্রণালয়ের অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করে গবেষণা কার্যক্রম হাতে নিতে হবে।<br><br>১.২. শাখা ভিত্তিক গবেষণা করতে পারবে।<br><br>১.৩. মন্ত্রণালয় এবং বিভিন্ন সংস্থা কর্তৃক গবেষণা অনুদান গবেষণা কাজে পূর্ণ ব্যবহার করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল);<br>অধ্যক্ষ<br>উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল);<br>উর্ধ্বতন প্রশিক্ষক (সকল);<br>বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল);<br>প্রশিক্ষক;<br>সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা, (সকল)। |

| ক্রমিক নং | বিষয় ভিত্তিক আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০২. | **প্রশিক্ষণঃ**<br>প্রশিক্ষণ কার্যক্রম প্রতিষ্ঠানের অন্যতম প্রধান কাজ হওয়ায় বারটানের নির্বাহী পরিচালক প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রশিক্ষণার্থীদের গুণগত মান (শিক্ষাগত যোগ্যতা) বিবেচনার পরামর্শ প্রদান করেন। তিনি প্রশিক্ষণার্থীদের সম্পর্কে রিপোর্ট প্রদানের জন্য অধ্যক্ষ মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। পুষ্টি শিক্ষা শাখার অধ্যক্ষ ড. মোঃ জামাল হোসেন ০৩ দিনের প্রশিক্ষণ কার্যক্রম অর্ধেকে নামিয়ে আনার কথা বলেন। তিনি উক্ত প্রশিক্ষণ সম্পূর্ণ আবাসিক হবে বলেও জানান। তিনি বলেন ০১ দিনের প্রশিক্ষণ আরও বাড়বে এবং ব্যবহারিক সেশনে খিচুড়ি রান্না হবে। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব মোহাম্মদ ওমর ফারুক প্রশিক্ষণে খাদ্য প্রদর্শনের উপর গুরুত্বারূপ করেন। | ২.১. প্রশিক্ষণার্থী নির্বাচনের সময়ে প্রশিক্ষণার্থীদের গুণগত মান বিবেচনা করতে হবে<br>২.২. ডিপ্লোমা কোর্স চালুর জন্য মন্ত্রণালয়ে দ্রুত পত্র প্রেরণ করতে হবে।<br>২.৩. প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন প্রতি মাসে অধ্যক্ষ মহোদয় উপস্থাপন করবেন। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল);<br>অধ্যক্ষ<br>উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল);<br>উর্ধ্বতন প্রশিক্ষক (সকল);<br>বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল);<br>প্রশিক্ষক;<br>সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা, (সকল)। |
| ০৩। | **বারটান এর পুষ্টি সংক্রান্ত বার্তা পৌছানোঃ**<br>বারটানের নির্বাহী পরিচালক বিভিন্ন প্রতিষ্ঠান যে অনলাইনে সার্টিফিকেট কোর্স পরিচালনা করে তা উল্লেখ করে বারটানকে ই-লার্নিং এর উপর গুরুত্ব দিতে বলেন। পুষ্টি শিক্ষা শাখার অধ্যক্ষ ড. মোঃ জামাল হোসেন বলেন বারটান নিয়মিত পুষ্টি বার্তা প্রদান করে। তিনি মাসিক বুলেটিনের খসড়া কপি তৈরি করা হয়েছে বলে উল্লেখ করেন। তিনি সময়োপযোগী কন্টেন্ট তৈরি করার উপর গুরুত্বারূপ করেন। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব ফারজানা রহমান ভূঞা বলেন বারটান ইতোমধ্যে বিভিন্ন বিষয়ের উপর ১১টি ভিডিও (মুক্তপাঠ) তৈরি করেছে। ভবিষ্যতে এই কাজ অব্যাহত থাকবে বলে তিনি উল্লেখ করেন। | ৩.১. ই-লার্নিং এর উপর জোর দিতে হবে।<br>৩.২. মাসিক পুষ্টি বার্তা প্রকাশ করতে হবে।<br>৩.৩. প্রত্যেক মাসের শুরুতে বুলেটিন প্রকাশ করতে হবে।<br>৩.৪. অনলাইন প্লাটফর্ম ব্যবহার করে বারটান এর তথ্য জনসাধারণের নিকট যাতে বেশি করে পৌছানো যায় তার ব্যবস্থা করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল);<br>অধ্যক্ষ<br>উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল);<br>উর্ধ্বতন প্রশিক্ষক (সকল);<br>বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল);<br>প্রশিক্ষক;<br>সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা, (সকল)। |
| ০৪। | **বিবিধঃ**<br>সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তারা যাতে স্বতঃস্ফূর্তভাবে প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করতে পারেন এবং তাদের দক্ষতা বৃদ্ধি করতে পারেন তা নিয়ে আলোচনা করা হয়। সকলের উপস্থিতিতে সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তাগণ প্রশিক্ষণের ডেমো সেশনে অংশগ্রহণ করেন। | ৪.১. সহকারী প্রশিক্ষক এবং সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তাদের দক্ষতা আরো বাড়াতে হবে। | সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল)<br>সহকারী প্রশিক্ষক (সকল)। |

০২। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/০৫/২৪

(মোঃ খোরশেদ আলম এনডিসি)
নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ০৯৬১১২৮৭২৮৭
E-mail: ed@birtan.gov.bd

স্মারক নং-১২.০৯.০০০০.০০১.১৮.০০১.২৪-২৩৩৬

তারিখঃ ৩০ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৩ মে ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি

০১। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), প্রধান ও সকল আঞ্চলিক কার্যালয়, বারটান।
০২। অধ্যক্ষ, বারটান।
০৩। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), প্রধান ও সকল আঞ্চলিক কার্যালয়, বারটান।
০৪। উর্ধ্বতন প্রশিক্ষক (সকল), বারটান।
০৫। বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), প্রধান ও সকল আঞ্চলিক কার্যালয়, বারটান।
০৬। প্রশিক্ষক (সকল), বারটান প্রধান কার্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
০৭। সহকারী পরিচালক (সকল), বারটান প্রধান কার্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
০৮। সহকারী প্রোগ্রামার, বারটান প্রধান কার্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
০৯। সহকারী প্রকৌশলী (সিভিল), বারটান প্রধান কার্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
১০। সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), প্রধান ও সকল আঞ্চলিক কার্যালয়, বারটান।
১১। সহকারী প্রশিক্ষক (সকল), বারটান প্রধান কার্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
১২। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।